



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ সদস্য হত্যার প্রতিবাদে পানছড়িতে অর্ধদিবস সড়ক অবরোধ পালিত

খাগড়াছড়ির পানছড়ি উপজেলায় ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে বিনা বিচারে গুলি করে হত্যার প্রতিবাদে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ সোমবার (১৩ জানুয়ারি) অর্ধদিবস সড়ক অবরোধ সফলভাবে পালিত হয়েছে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) পানছড়ি ইউনিটের ডাকে আজ সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ অবরোধ কর্মসূচি পালিত হয়।

ইউপিডিএফ'র পানছড়ি থানা ইউনিটের সংগঠক রুপায়ন চাকমা অবরোধ কর্মসূচি সফল করায় উপজেলার সকল যানবাহন মালিক, চালক-শ্রমিকসহ সর্বস্তরের জনসাধারণের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

তিনি বলেন, সরকার পার্বত্য চট্টগ্রামের জন্ম জনগণকে অধিকার বঞ্চিত রাখতে নানা ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। এরই অংশ হিসেবে জনগণের ন্যায্য অধিকারের জন্য আন্দোলনকারী সংগঠন ইউপিডিএফের ওপর অন্যায় দমনপীড়ন ও নেতা-কর্মীদের বিচার বহির্ভূতভাবে হত্যা করা হচ্ছে। সরকারের এই অন্যায়-অবিচারের বিরুদ্ধে সবাইকে সোচ্চার হতে হবে।

তিনি অবিলম্বে পরেশ ত্রিপুরা হত্যাকারীদের আইনের আওতায় এনে বিচারের দাবি জানান।

উল্লেখ্য, গত শুক্রবার রাত সোয়া আটটার সময় নিরাপত্তা বাহিনী ও তাদের মদদপুষ্ট সন্ত্রাসীরা মরাটিনা এলাকায় গিয়ে মিলিতভাবে ইউপিডিএফ সদস্য পরেশ ত্রিপুরাকে গুলি করে হত্যা করে।

উক্ত হত্যার প্রতিবাদে ইউপিডিএফের পানছড়ি ইউনিট রবিবার পানছড়ি বাজার বয়কট ও আজকের এই অবরোধ কর্মসূচির ঘোষণা দেয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।